এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : ১৪০

সময় — ২ ঘন্টা ১০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ যুবায়ের তার বন্ধু সালামকে বলল, আমি মনে করি দীর্ঘ আন্দোলন ও সংগ্রামের মাধ্যমে রাষ্ট্রের সৃষ্টি হয়েছে। সালাম আমার মতে চুক্তির মাধ্যমে রাষ্ট্র সৃষ্টি হয়েছে।

ক. ঐতিহাসিক মতবাদ সম্পর্কে গার্নার কী বলেছেন? ১

খ. রাষ্ট্রের গঠন কাঠামো ব্যাখ্যা কর। ২

গ. যুবায়েরের বক্তব্যে রাষ্ট্রের উৎপত্তিগত কোন মতবাদের সমর্থন পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাষ্ট্রের উৎপত্তি ও মতবাদ সম্পর্কে যুবায়ের ও সালামের মতামত কোনটি কে তুমি সমর্থন করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২. ▶ বাংলাদেশের স্বনামধন্য জিন প্রকৌশলী ড. মাকসুদুল আলম সম্প্রতি পাট ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচন করেন। এর আগে তিনি মালয়েশিয়াসহ বিশ্বের কয়েকটি দেশে রাবার ও পেপের জীবন রহস্য উন্মোচন করে আলোড়ন সৃষ্টি করেছিলেন। বর্তমানে তিনি ও তার গবেষণা দল রাষ্ট্রের প্রতি অনুগত থেকে নিজেদের বুদ্ধি, মেধা, দক্ষতা আর নিষ্ঠার সাথে দেশের জন্যে গবেষণা করে দেশপ্রেমের স্বাক্ষর রেখেছেন। দেশের অসাধারণ এ গবেষণার সাফল্য সম্পর্কে সানি বলল, মাকসুদুল আলমদের মতো বুদ্ধিমান নাগরিকগণ রাষ্ট্রের সম্পদ।

ক. নাগরিকতা কি? ১

খ. নিয়মিত 'কর' প্রদান প্রত্যেক নাগরিকের কর্তব্য কেন? ২

গ. উদ্দীপকে সুনাগরিকের যে গুণটি গুরুত্ব পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে করো ড. মাকসুদুল আলমের মধ্যে সুনাগরিকতার অন্যান্য গুণাবলিও বিদ্যমান ছিল? যুক্তি দেখাও। ৪

৩. ▶ রিসাদের বন্ধু নোমান সম্প্রতি বিদেশ থেকে এসেছে। তারা দুজনে সরকার ব্যবস্থা নিয়ে আলোচনার এক পর্যায়ে নোমান বলে, সে যে দেশে বাস করে সে দেশের সরকারপ্রধান তার কাজের জন্য কারও কাছে দায়ী থাকে না। আইনসভা তার বিরুদ্ধে অনাস্থা ভোট পাস করতে পারে না। সরকার জরুরি সময়ে দ্রুত সিদ্ধান্ত নেন। রিসাদ বলে আমরা সরকারের যে কোনো কাজের সমালোচনা করে স্বদেশপ্রেম ও দেশাত্মবোধ জাগ্রত করতে পারি।

ক. রাজতন্ত্র কয় ধরনের হয়? ১

খ. কল্যাণমূলক রাষ্ট্রের একটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. নোমান যে দেশে বাস করে সে দেশে কোন সরকার ব্যবস্থা প্রচলিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. নোমানের দেশের ও রিসাদের দেশের মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৪

Teachingbd.com

৪.▶ মনির হোসেন একটি সংগঠনের সদস্য। তার সংগঠন বিভিন্নভাবে সরকারের সমালোচনা করে বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করে। সংগঠনের উদ্দেশ্যে সরকারের ভুলত্রুটি জনগণের সামনে তুলে ধরে এবং আগামী নির্বাচনে বিজয়ী হয়ে সরকার গঠন করে।

ক. রাজনৈতিক দল কী? ১

খ. চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলতে কি বোঝ? ২

গ. উদ্দীপক অনুসারে সংগঠনটি কোন সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মনির হোসেনের সংগঠনটি কিভাবে জনগণের অধিকার নিশ্চিত করতে পারে? বিশ্লেষণ কর। ৪

৫.▶ প্রদীপ চক্রবর্তী জনগণের ভোটে নির্বাচিত হয়েছেন। তার বিভিন্ন কাজে অন্য আরো দুজন নির্বাচিত প্রতিনিধি সহযোগিতা করেন। এলাকার আইনশৃঙ্খলাসহ উন্নয়ন কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনা করলেও স্থানীয় সংসদ সদস্য এক্ষেত্রে উপদেষ্টা হিসেবে পরামর্শকের ভূমিকা পালন করেন।

ক. বাংলাদেশে সর্বমোট কয়টি ইউনিয়ন পরিষদ রয়েছে? ১

খ. বাংলাদেশের স্থানীয় সরকার কাঠামোর পরিচিতি লিখ। ২

গ. প্রদীপ চক্রবর্তীর স্থানীয় সরকার ব্যবস্থাটি একটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক স্তর বর্ণনা কর। ৩

ঘ. উক্ত স্থানীয় সরকার ব্যবস্থাটির সামগ্রিক উন্নয়ন কার্যক্রম কিভাবে পরিচালিত হয় বিশ্লেষণ কর। ৪

৬.▶



ক. লাহোর প্রস্তাব কত সালে উত্থাপিত হয়? ১

খ. ছয় দফাকে বাঙালির মুক্তির সনদ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের ব্যক্তির দাবিগুলো কি ছিল? ৩

ঘ. উদ্দীপকের ব্যক্তির দাবিগুলোকে ম্যাগনাকার্টার সাথে তুলনা করার কারণ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭. ▶ তপু একজন শিক্ষিত বেকার। তার পিতার আর্থিক অবস্থাও ভালো না। কর্ম না পেয়ে সে হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। আস্তে আস্তে সে সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে পড়ে। একদিন পুলিশের হাতে ধরা পড়ে এবং বিচারে তিন বছরের জেল হয়।

ক. জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশ পৃথিবীর কততম দেশ? ১

খ. খাদ্যে নিরাপত্তা অর্জনে ৩টি সরকারি কর্মসূচির উল্লেখ কর। ২

গ. কী কী কারণে তপু সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে পড়ে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'গণসচেতনতা বৃদ্ধিই সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধের একমাত্র উপায়– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ স্বাধীনতা লাভের অব্যবহিত ১৯৭২ সালে বাংলারদেশ একটি সংস্থার সদস্য পদ লাভ করে। খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, শান্তি, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ক্ষেত্রে এ সংস্থার অবদান অনেক। বাংলাদেশের উন্নতি অগ্রগতিতে এর যথেষ্ট গুরুত্ব রয়েছে।

ক. সার্কের প্রধান লক্ষ্য কয়টি? ১

খ. কমনওয়েলর্ভুক্ত দেশ বলতে কি বোঝ? ২

গ. উদ্দীপকে কোন সংস্থার কথা বলা হয়েছে? উক্ত সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার উদ্দেশ্যের সাথে আঞ্চলিক সংস্থার উদ্দেশ্যের সাথে তুলনামূলক আলোচনা কর। ৪

৯. ▶ রায়হান, তালেব, কিরণ, নিপা বিশ্ববিদ্যালয় পড়ুয়া বন্ধু। তারা বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা নিয়ে আলোচনা করে।

রায়হান: সার্ক, ওআইসি ও জাতিসংঘ ইত্যাদি সংস্থাগুলো বিশ্বব্যাপী।

তালেব: ইসলামি ভ্রাতৃত্ব, সংহতি জোরদার করা, বৈষম্যবাদ ও উপনিবেশবাদ বিলোপ করা অন্য দেশের সঙ্গে সৌহার্দ্য ও সহযোগিতা বৃদ্ধির জন্য কাজ করে।

কিরণ: রায়হান ঠিক বলেনি, এখানে আঞ্চলিক সংস্থা এবং কিছু বিশ্বব্যাপী সংস্থা আছে।

নিপা : আমি জানি, তালেব কোন সংস্থার কথা বলছে। সেই সংস্থার সাথে বাংলাদেশের ঘনিষ্ঠ সম্পর্ক ও ঘনিষ্ঠ।

ক. লিগ অব নেশনসন কত সালে গঠিত হয়? ১

খ. অছি পরিষদের কাজ লিখ। ২

গ. তালেব যে সংস্থার কথা বলেছে এর লক্ষ্য ও উদ্দেশ্য ও ব্যাখ্যা কর। ৩

ঘ. রায়হান এর মত অনুযায়ী সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক ঘনিষ্ঠ বাক্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ১৯৫২ সালের ২০ ফেব্রুয়ারি সরকার কোথায় ১৪৪ ধারা জারি করে?**
ক) সারা দেশে খ) চট্টগ্রাম শহরে
গ) ঢাকা শহরে ঘ) সিলেট শহরে

**২. কোন অর্থে পৌরনীতি অধিকার ও কর্তব্য সংক্রান্ত বিজ্ঞান?**
ক) সংকীর্ণ খ) ব্যাপক
গ) মধ্যম ঘ) ব্যাপক ও বিস্তৃত

**৩. রাষ্ট্রের উপাদান কোনটি?**
ক) জনমত খ) নির্বাচকমণ্ডলী
গ) জনসমষ্টি ঘ) রাজনৈতিক দল

**নিচের উদ্দীপকটি পড়ো ৪-৬ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' এমন একটি রাষ্ট্র যেখানকার জনগণ বিনা খরচে শিক্ষা ও চিকিৎসা সুবিধা পায়। এছাড়া শ্রমিক ও মজুরদের স্বার্থ সংরক্ষণের ব্যবস্থা করে থাকে।

**৪. উদ্দীপকে 'ক' রাষ্ট্রটির সাথে পাঠ্যবইয়ের কোন রাষ্ট্রের সাথে মিল লক্ষ করা যায়?**
ক) একনায়কতান্ত্রিক খ) কল্যাণমূলক
গ) পুঁজিবাদী ঘ) সমাজতান্ত্রিক

**৫. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রটি উক্ত কাজগুলো ছাড়াও আরও যেসব কাজ করে থাকে–**
i. কর্মের সুযোগ সৃষ্টি
ii. খাদ্যের ভর্তুকি প্রদান
iii. সমবায় সমিতি গঠন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. উক্ত রাষ্ট্র শ্রমিক ও মজুরদের স্বার্থ সংরক্ষণ করে–**
i. ন্যূনতম মজুরির ব্যবস্থা করে
ii. শ্রমিক কল্যাণ সমিতি গঠন করে
iii. স্থানীয় নেতৃত্বের বিকাশ ঘটিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. কোন নদীটি জৈবিক দৃষ্টিকোণ থেকে মৃত?**
ক) বুড়িগঙ্গা খ) শীতলক্ষ্যা
গ) তুরাগ ঘ) কর্ণফুলী

**৮. বাংলাকে গণপরিষদের ব্যবহারিক ভাষা হিসেবে গ্রহণের দাবি প্রথম উত্থাপন করেন কে?**
ক) আল আহাদ খ) নাজমুল হক
গ) মহিউদ্দিন আহমদ ঘ) ধীরেন্দ্রনাথ দত্ত

**৯. রাষ্ট্র পরিচালনার মৌলিক দলিল কী?**
ক) আইন খ) অধ্যাদেশ
গ) সংবিধান ঘ) দলিল

**১০. তথ্য অধিকারের আইন সকল নাগরিকের জানা প্রয়োজন কেন?**
ক) তথ্য প্রদানের প্রয়োজনে
খ) তথ্য ব্যালেন্স করার প্রয়োজনে
গ) তথ্য প্রাপ্তির অধিকারের প্রয়োজনে
ঘ) নাগরিকের গুণাবলি অর্জনে

**১১. রাষ্ট্রপতির অভিশংসন করে কে?**
ক) জনগণ খ) প্রধান বিচারক
গ) জাতীয় সংসদ ঘ) প্রধানমন্ত্রী

**১২. সংসদ কোন ক্ষেত্রে অর্থ মঞ্জুর করতে অসমর্থ হলে রাষ্ট্রপতি কতদিনের জন্য সংশ্লিষ্ট তহবিল হতে অর্থ মঞ্জুর করতে পারবেন?**
ক) ৪০ দিন খ) ৫০ দিন
গ) ৬০ দিন ঘ) ৭০ দিন

**১৩. মন্ত্রিগণ কার পরামর্শে কাজ করেন?**
ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী
গ) সেনাপ্রধান ঘ) স্পিকার

**১৪. কত সাল পর্যন্ত উগান্ডায় রাজনৈতিক দল নিষিদ্ধ ছিল?**
ক) ২০০৩ খ) ২০০২
গ) ২০০৪ ঘ) ২০০৫

**১৫. গণতান্ত্রিক রাষ্ট্রে কতটি রাজনৈতিক দল থাকে?**
ক) দুটি খ) তিনটি
গ) চারটি ঘ) একাধিক

**১৬. পল্লি এলাকার স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কী?**
ক) জেলা পরিষদ খ) পৌরসভা
গ) ইউনিয়ন পরিষদ ঘ) উপজেলা

**১৭. দিল্লি মুসলিম লেজিসলেটরস কনভেনশনে কোন পরিকল্পনাটি গ্রহণ করা হয়?**
ক) একাধিক রাষ্ট্র পরিকল্পনা
খ) এক পাকিস্তান পরিকল্পনা
গ) পূর্ব পাকিস্তান পরিকল্পনা
ঘ) পশ্চিম পাকিস্তান পরিকল্পনা

**১৮. সংবিধান হলো রাষ্ট্রের–**
ক) প্রাণশক্তি খ) দর্পণ
গ) অঙ্গ ঘ) উপাদান

**১৯. সংসদীয় সরকার ব্যবস্থায় বিরোধী দল গঠনমূলক সমালোচনা করে–**
ক) সরকারি দলের স্বৈরাচারমূলক প্রবণতা রোধ করে
খ) সরকারি দলকে ক্ষমতাচ্যুত করে
গ) সরকারি দলকে দায়িত্বশীল রাখে
ঘ) সরকারি দলের ক্ষমতা পাকাপোক্ত করে

http://teachingbd.com

২০. দ্বৈত নাগরিকতার সমাধান হলো—

i. যখন সন্তান পূর্ণবয়স্ক হয়

ii. যখন সন্তান কোন রাষ্ট্রের নাগরিক হবে সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করে

iii. যখন সন্তান শিক্ষিত হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

২১. সমাজের আদি ও অকৃত্রিম প্রতিষ্ঠান কী?

ক রাষ্ট্র  খ পরিবার

গ সংঘ  ঘ ক্লাব

২২. ভোটাধিকার নাগরিকের কোন ধরনের অধিকার?

ক আইনগত অধিকার  খ নৈতিক অধিকার

গ ব্যক্তিগত অধিকার  ঘ সামাজিক অধিকার

২৩. কোন নীতি অনুযায়ী পিতামাতার নাগরিকতার দ্বারা সন্তানের নাগরিকতা নির্ধারিত হয়–

ক জন্মস্থান নীতি  খ অনুমোদন সূত্রে

গ জন্মনীতি  ঘ জন্মসূত্রে

২৪. চুক্তি ও দলিল সংক্রান্ত আইন কী ধরনের আইন?

ক সাংবিধানিক আইন  খ বেসরকারি আইন

গ আন্তর্জাতিক আইন  ঘ প্রশাসনিক আইন

২৫. যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থায় জনগণ কয় ধরনের আইন আদেশ মেনে চলে–

ক দুই  খ তিন

গ চার  ঘ পাঁচ

২৬. কিউবা কী ধরনের রাষ্ট্র?

ক সমাজতান্ত্রিক  খ গণতান্ত্রিক

গ একনায়কতান্ত্রিক  ঘ পুঁজিবাদী

২৭. কোনটি ছাড়া মানুষের পক্ষে জীবন ধারণ করা অসম্ভব?

ক পারস্পরিক সহযোগিতা  খ অনুভূতিশীলতা

গ পরশ্রীকাতরতা  ঘ বন্ধুত্বহীনতা

২৮. সমাজে মানুষের বহুমুখী প্রয়োজন মিটিয়ে কী রকম জীবন দান করে?

ক আনন্দিত  খ শৃঙ্খলিত

গ উন্নত ও নিরাপদ  ঘ আধুনিক

২৯. আইন ছাড়া সমাজের কোনটি প্রতিষ্ঠা করা অসম্ভব?

ক সাম্য  খ স্বাধীনতা

গ অধিকার  ঘ শান্তি

৩০. 'যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা'– এটি কার উক্তি?

ক এরিস্টটলের  খ ম্যাকাইভারের

গ লর্ড ব্রাইসের  ঘ জন লকের

৩১. কাদের রাষ্ট্রের সম্পদ বলা হয়?

ক শহরের অধিবাসীদের  খ নিরক্ষর লোকদের

গ বিদেশিদের  ঘ সুনাগরিকদের

৩২. বাংলাদেশের সংবিধান কতটি ভাগে বিভক্ত?

ক ১০টি  খ ১২টি  গ ১৩টি  ঘ ১১টি

৩৩. 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'–

ক কবি রবীন্দ্রনাথ  খ কবি চণ্ডিদাস

গ কবি নজরুল ইসলাম  ঘ কবি সুকান্ত ভট্টাচার্য

৩৪. মানবাধিকারের বৈশিষ্ট্য কোনটি?

ক ব্যক্তির সর্বজনীন কর্তব্য

খ ব্যক্তির একান্ত ব্যক্তিগত

গ হস্তান্তরযোগ্য

ঘ মানুষের জন্মগত অধিকার

নিচের উদ্দীপকটি পড়ো ৩৫-৩৭ নং প্রশ্নের উত্তর দাও:

সোহানার বাবা একটি সংস্থার সভাপতি। তিনি রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত হন। সংবিধান প্রণীত আইনের বিধান সাপেক্ষে তার এবং সংস্থার অন্যান্য সদস্যদের কর্মের শর্তাবলি নির্ধারিত হয়। তিনি তার মেয়াদের পর প্রজাতন্ত্রের অন্য কোনো কর্মে নিয়োগ লাভের যোগ্য হবেন না।

৩৫. অনুচ্ছেদে উল্লিখিত সোনাহর বাবা কোন সংস্থার সভাপতি?

ক পৌরসভা  খ নির্বাচন কমিশন

গ উপজেলা পরিষদ  ঘ ইউনিয়ন পরিষদ

৩৬. উক্ত সংস্থার কাজগুলো হলো–

i. নির্বাচন ব্যবস্থার সংগঠন

ii. নির্বাচনি বিধিবিধান নির্ধারণ

iii. নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৭. সোনাহর বাবা ব্যতীত সংস্থাটির অন্যান্য সদস্য নির্বাচিত হন–

i. প্রধান নির্বাচন কমিশনার কর্তৃক

ii. রাষ্ট্রপতি কর্তৃক

iii. প্রধান বিচারপতি কর্তৃক

নিচের কোনটি সঠিক?

ক i  খ ii

গ iii  ঘ i, ii ও iii

৩৮. সবার জন্য সমানভাবে প্রযোজ্য–

ক বনসম্পদ  খ আইন

গ কর প্রদান  ঘ কর্তব্য

৩৯. নাগরিকের আইন মান্য করা–

ক অধিকার  খ কল্পনা

গ অনির্বাচিত  ঘ কর্তব্য

৪০. শিক্ষা লাভ আমাদের–

ক কর্তব্য  খ অধিকার

গ জ্ঞান  ঘ সম্মান

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | গ |
| ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | খ |
| ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | খ | | | | | | | | | | | | | | | | |

Teachingbd.com

http://teachingbd.com